

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা  
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বৃহস্পতিবার, জুলাই ২৮, ২০১৬

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
অর্থ মন্ত্রণালয়  
অভ্যন্তরীণ সম্পদ বিভাগ  
(আয়কর)  
প্রজ্ঞাপন

তারিখ : ১০ শ্রাবণ, ১৪২৩ বঙ্গাব্দ/ ২৫ জুলাই, ২০১৬ খ্রিস্টাব্দ

এস, আর, ও নং ২৪২-আইন/২০১৬।—Income-tax Ordinance, 1984 (Ordinance No. XXXVI of 1984) এর section 44 এর sub-section (4) এর clause (b) তে প্রদত্ত ক্ষমতাবলে সরকার “রূপপুর পারমাণবিক বিদ্যুৎ কেন্দ্র নির্মাণ প্রকল্প” সুষ্ঠুভাবে পরিচালনার জন্য প্রকল্প সংশ্লিষ্ট ঠিকাদারী প্রতিষ্ঠান রাশান কোম্পানি ‘Atomstroyexport’ এর প্রকল্প বাস্তবায়ন সংশ্লিষ্ট ঠিকাদারী বিল হইতে অর্জিত আয় এবং পারমাণবিক শক্তি কমিশন কর্তৃক প্রত্যাগিত ও ‘Atomstroyexport’ কর্তৃক নিয়োজিত রাশান ও বিদেশী কর্মচারীগণ বা কনসালটেন্টগণের আয়কে উক্ত Ordinance এর অধীন প্রদেয় আয়কর হইতে নিম্নবর্ণিত শর্ত সাপেক্ষে, এতদ্বারা অব্যাহতি (exemption) প্রদান করিল, যথা:—

শর্তসমূহ

- (১) প্রকল্প বাস্তবায়ন সংশ্লিষ্ট ঠিকাদারী বিলসমূহ বাংলাদেশ পরমাণু শক্তি কমিশন কর্তৃক প্রত্যাগিত হইতে হইবে; এবং
- (২) শুধুমাত্র রূপপুর পারমাণবিক বিদ্যুৎ কেন্দ্র নির্মাণ প্রকল্প চলাকালীন মেয়াদে এই অব্যাহতি কার্যকর থাকিবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

মোঃ নজিবুর রহমান  
সিনিয়র সচিব।

মোঃ আব্দুল মালেক, উপপরিচালক, বাংলাদেশ সরকারি মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।  
মোঃ আলমগীর হোসেন, উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,  
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। website : www.bgpress.gov.bd

(১৩৩৮৫)

মূল্যঃ টাকা ৪.০০